

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১১২৫.২০১৫- ৩৪৬

তারিখঃ ০৭/০৬/২০১৬ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে কক্সবাজার সদর উপজেলাধীন খুরুক্ষুল মৌজায় বিশেষ আশ্রয়ণ প্রকল্পের বিভিন্ন আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি নিম্নলিখিত প্রকল্পথামের বিভিন্ন আনুষঙ্গিক (আরসিসি পিলার, বাঁশের খুটি স্থাপন, লাল পতাকা স্থাপন, জায়গা পরিষ্কারকরণ, সাইন বোর্ড স্থাপনসহ লেবার খরচ) ইত্যাদির ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসক, কক্সবাজার এর অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ জেলা প্রশাসক কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছিঃ

ক্র. নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	কাজের বিবরণ	মোট বরাদ্দকৃত অর্থ	৯.৫০% ভ্যাট ও আয়কর কর্তন	নেট বরাদ্দকৃত অর্থ
১	কক্সবাজার	সদর	খুরুক্ষুল মৌজায় বিশেষ আশ্রয়ণ প্রকল্প	আরসিসি পিলার, বাঁশের খুটি স্থাপন, লাল পতাকা স্থাপন, জায়গা পরিষ্কারকরণ, সাইন বোর্ড স্থাপনসহ লেবার খরচ	৩,০১,৩১৬/-	২৮,৬২৫/-	২,৭২,৬৯১/-
						মোট	২,৭২,৬৯১/-
কথায়ঃ দুই লক্ষ বাহাওর হাজার ছয়শত একানব্বই টাকা মাত্র।							

২। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১. ০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬,তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ত্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

৩। জেলা প্রশাসক, কক্সবাজার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। উক্ত অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০১১ উপ-খাতে কক্সবাজার জেলায় (মাটি পরীক্ষা ও অন্যান্য খরচসহ) এর ১ম হতে ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৬। এই ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০১১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।


৭। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৬ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৮। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

৯। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাব ভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল। উক্ত জিওটি উল্লেখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

www.ashrayanpmo.gov.bd.com

আপনার বিশ্বস্ত,



মোঃ জাহিরুল হক (অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক

ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কক্সবাজার।
- ৫। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর/কক্সবাজার।
- ৬। প্রকল্প নথি/অফিস কপি।